

রাষ্ট্রপতির সঙ্গে চবি উপাচার্যের সাক্ষাত

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস।
রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে
সৌজন্য সাক্ষাত করেছেন চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.
ইফতেখার উদ্দিন চৌধুরী। গত
রবিবার বঙ্গভবনে অনুষ্ঠিত এ
সাক্ষাতে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের
একাডেমিকসহ বিভিন্ন কার্যক্রম তুলে
ধরেন। এ সময় রাষ্ট্রপতি শিক্ষার
মানোন্নয়নে প্রয়োজনীয় সব ধরনের
সহায়তা প্রদানের আশ্বাস এবং
বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান
আয়োজনের বিষয়ে প্রয়োজনীয়
নির্দেশনা প্রদান করেন।

চবি রেজিস্ট্রার দফতর সূত্রে জানানো
হয়, রাষ্ট্রপতির সঙ্গে একান্ত সৌজন্য
সাক্ষাতে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের
একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন
বিষয়ে বিস্তারিত আলোকপাত
করেন। তিনি বিশ্ববিদ্যালয়ে পঠন-
পাঠন, উচ্চশিক্ষা ও গবেষণার সৃষ্টি ও
মনোরম পরিবেশ সৃষ্টি এবং
বিশ্ববিদ্যালয়কে সেশনজটমুক্ত ও
পরিপূর্ণ মানবসম্পদে পরিণত হওয়ার
ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা
কামনা করেন। এছাড়াও তিনি
একাডেমিক কার্যক্রমের পাশাপাশি
খেলাধুলা ও শিল্প-সাহিত্য-সংস্কৃতি
চর্চায় উদ্বুদ্ধকরণ তথা মহান
মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত
মুক্তবুদ্ধি চর্চার শিক্ষাবান্ধব পরিবেশ
সৃষ্টি করার বিষয়ে পরিকল্পনা গ্রহণ
এবং তা বাস্তবায়নে রাষ্ট্রপতির
আন্তরিক নির্দেশনা প্রত্যাশা করেন।
রাষ্ট্রপতি সামগ্রিক বিষয় অবহিত
হয়ে পরিকল্পনা বাস্তবায়নে
উপাচার্যকে সর্বাত্মক সহযোগিতা
প্রদানের আশ্বাস দেন। রাষ্ট্রপতি মোঃ
আবদুল হামিদ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন
অনুষ্ঠান আয়োজনের বিষয়ে
প্রয়োজনীয় নির্দেশনাও প্রদান করেন।
চবি উপাচার্য রাষ্ট্রপতিকে চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম খচিত
কৃতজ্ঞতা স্মারক ফ্রেস্ট উপহার দেন।